

স্বাস্থ্যসেবা স্থানান্তর সংক্রান্ত নীতিমালা

আমাদের রোগীদের পেডিয়াট্রিক/কৈশোরকালীন স্বাস্থ্যসেবা থেকে প্রাপ্তবয়স্কদের স্বাস্থ্যসেবায় স্থানান্তর প্রক্রিয়াকে সাবলীল করার বিষয়টি আমরা নিশ্চিত করতে চাই। এই প্রক্রিয়ায়, আমরা "পেডিয়াট্রিক" সেবার মডেল, যেখানে মা-বাবা এবং কেয়ারগিভার অধিকাংশ সিদ্ধান্ত গ্রহণ করেন, সেখান থেকে "প্রাপ্তবয়স্কদের" সেবার মডেল, যেখানে তরুণ প্রাপ্তবয়স্ক রোগীরা সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব পালন করেন, সেই মডেলে পরিবর্তনের জন্য প্রস্তুত করতে রোগী ও পরিবারের সাথে কাজ করি। এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে:

- আমাদের রোগীরা কৈশোরে পৌঁছানোর পর, তাদের ভিজিটের কিছু অংশ তাদের সেবা প্রদানকারীর সাথে একাকী অবস্থায় কাটবে। এটি তাদেরকে নিজেদের স্বাস্থ্যসেবার বিষয়ে আরো স্বনির্ভর হয়ে উঠতে সাহায্য করার জন্য করা হয়।
- যখন আমাদের রোগীরা 18 বছর বয়সে পৌঁছায়, তখন তারা আইন অনুযায়ী প্রাপ্তবয়স্ক ব্যক্তিতে পরিণত হয় এবং তাদের নিজেদের স্বাস্থ্যসেবা সম্পর্কে সিদ্ধান্ত নিতে সক্ষম বলে বিবেচনা করা হয়। অনেক রোগী স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তাদের পরিবারের সাহায্য পাওয়া অব্যাহত রাখার বিষয়টি বেছে নেন, এই বিষয়টিকে আমরা সম্মান করি। তবে, শুধুমাত্র রোগীর সম্মতি পাওয়ার পরেই আমরা ব্যক্তিগত স্বাস্থ্য সংক্রান্ত তথ্য নিয়ে পরিবারের সদস্যদের সাথে আলোচনা করতে পারবো।
- বিশেষ স্বাস্থ্যসেবার চাহিদা রয়েছে এমন তরুণ-তরুণীদের প্রাপ্তবয়স্কদের সেবায় স্থানান্তরিত হতে অপেক্ষাকৃত বেশি সময়ের প্রয়োজন হতে পারে। আমরা মা-বাবাকে প্রয়োজন অনুযায়ী অভিভাবকত্ব সংক্রান্ত আরো তথ্য পেতে সাহায্য করতে পারি।

কেয়ার টিম কিশোর-কিশোরী এবং পরিবারকে সাধারণত **22 বছর বয়সে পৌঁছার আগেই** প্রাপ্তবয়স্কদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছে স্থানান্তরিত হওয়ার প্রস্তুতি নিতে সাহায্য করবে। আমরা একজন প্রাপ্তবয়স্কদের সেবা প্রদানকারী খুঁজে পেতে সাহায্য করবো এবং তাদের সাথে আমাদের রোগীদের স্বাস্থ্য সংক্রান্ত তথ্য এবং অনন্য চাহিদাগুলো সম্পর্কে আলোচনা করবো।

অনুগ্রহ করে যেকোনো প্রশ্ন বা উদ্বেগ সম্পর্কে নির্দিষ্টায় আমাদের সাথে যোগাযোগ করুন। যোগাযোগের তথ্য নিচে দেখুন।

আপনার কেয়ার টিম:

যোগাযোগের জন্য ফোন নম্বর: